

আমরা অন্যদের সেবা করব কারণ আমরা তাদের ভালবাসি

মেস এবং ছাগের মধ্যে পার্থক্য জানুন

প্রার্থনা : “হে আমাদের স্বর্গস্থ পিতা, অন্যদের প্রেমে সেবা করার জন্য শিশুদের উৎসাহিত করতে অনুগ্রহ করে এই অধ্যয়নটি ব্যবহার কর।”

শিশুদের শিক্ষণ কার্যকলাপের যে কোন একটি বিষয় পছন্দ করুন।

একজন অপেক্ষাকৃত বড় শিশু অথবা শিক্ষক মথি ২৫ঃ৩১-৪৬ থেকে মেস ও ছাগের গল্পটি পড়ে শোনাবে। এই গল্পটি বলে ঈশ্বর কি ভাবে সিদ্ধান্ত নেন যে মানুষ তাঁর সঙ্গে থাকবে কি থাকবে না। গল্পটি বলার পর এই সমস্ত প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন :

- কে মানুষের বিচার করবে এবং মেস ও ছাগের ন্যায় তাদের পৃথক করবে? (উত্তরঃ ৩১-৩২ পদ)
- ঈশ্বরের প্রতি প্রেম প্রদর্শনের জন্য ‘মেস’ কি করেছিল? (৩৫ পদ)
- অভাবী মানুষদের ‘ছাগেরা’ কিরূপ ব্যবহার প্রদর্শন করে? (৪২ পদ)
- আমরা যখন অভাবী মানুষদের সাহায্য করব তখন আমরা প্রকৃতপক্ষে কার সেবা করব? (৪০ পদ)
- যারা অন্যদের প্রেম করে না তাদের বিচারের সময় কি হবে? (৪৬ পদ)

মথি ২৫ঃ৩১-৪৬ পদ থেকে মেস ও ছাগের গল্পটির অংশ বিশেষকে নাট্যরূপে দান করুন।

অপেক্ষাকৃত বড় ছেলে মেয়েরা অথবা বড়রা যীশু ও বর্ণনাকারীর চরিত্রে অভিনয় করবে। বর্ণনাকারী গল্পটি সংক্ষিপ্ত করবে এবং ছেলেমেয়েদের কি বলতে হবে এ বিষয়ে সাহায্য করবে।

অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা মেস, ছাগ ও যাদের সাহায্যের দরকার এরূপ লোকদের চরিত্রে অভিনয় করবে।

নাটক, প্রথম পর্ব, মথি ২৫ঃ৩১-৪০

বর্ণনাকারীঃ গল্পটির প্রথম অংশ (৩১-৪০ পদ) বলুন। তারপর বলুন, “শুনুন লোকেরা কি বলছে?”

জনগণ : “দয়াকরে আমাকে সাহায্য করুন,” “আমি ক্ষুদার্থ।” “আমার বস্ত্রের প্রয়োজন।” “আমি তৃষণর্ত।” “শয়নের জন্য আমার একটু স্থান প্রয়োজন।” “আমি অসুস্থ।”

বর্ণনাকারীঃ “শুনুন মেয়েরা কি বলছে।”

মেস : “এস। আমরা তোমাদের সাহায্য করব, কারণ আমরা যীশুকে ভালবাসি।”

যীশু : “আমি এখন মেসেদের পৃথক করব ছাগদের থেকে। মেসেরা, এখানে আমার সঙ্গে এস। তোমরা আশীর্বাদ প্রাপ্ত, কেননা তোমরা আমাকে আহাৰ দিয়েছিলে, বস্ত্র পরিয়েছিলে এবং সাহায্য করেছিলে।”

মেসপাল : “আমরা কখন এইগুলি করেছি? আমরা আপনাকে কখনই সঙ্কটাবস্থায় দেখিনি।”

যীশু : “যা কিছুই তোমরা যখন এই অভাবী লোকদের জন্য করেছিলে তখন তোমরা আমারই প্রতি করেছিলে।”

নাটক, দ্বিতীয় পর্ব, মথি ২৫ঃ৪১-৪৬

বর্ণনাকারীঃ গল্পটির দ্বিতীয় অংশ (৪১-৪৬ পদ) বলুন। তারপর বলুন, “শুনুন লোকেরা কি বলছে?”

জনগণ : “দয়াকরে আমাকে সাহায্য করুন।” “আমি ক্ষুদার্থ।” “আমার বস্ত্রের প্রয়োজন।” “আমি তৃষণর্ত।” “শয়নের জন্য আমার একটু স্থান প্রয়োজন।” “আমি অসুস্থ।”

ছাগগণ : “দূর হও! আমি তোমাদের সাহায্য করব না।”

যীশু : “ছাগগণ, আমার নিকট থেকে দূর হও! যখন আমি সঙ্কটে ছিলাম তখন তুমি আমাকে সাহায্য করনি।”

ছাগগণ : “কখন আমরা আপনাকে সঙ্কটাবস্থায় দেখেছি?”

যীশুঃ “যখনই তোমরা কোন অভাবী লোককে অবহেলা করেছো, তোমরা আমার প্রতিও সেই একই ব্যবহার করেছো।

বর্ণনাকারীঃ ধন্যবাদ সকলকে যারা এই নাটকে সাহায্য করেছেন।

উপাসক মণ্ডলীর নেতাকে সঙ্গে নিয়ে শিশুদের জন্য স্থির করুনঃ

- নাটকটি বড়দের সামনে উপাসনার সময়ে উপস্থাপন করতে।
- এই শিক্ষার প্রারম্ভে দেওয়া প্রশ্নগুলি শিশুদের বড়দেরকে জিজ্ঞাসা করতে।
- কবিতাটি (নীচে দেখুন) এবং অন্য কিছু যা শিশুরা প্রস্তুত হয়ে এসেছে উপস্থাপন করতে।

শিশুদের জিজ্ঞাসা করুন কি কি উপায়ে আমরা দুঃস্থ মানুষদের সেবার দ্বারা ঈশ্বরের সেবা করতে পারি। ওদের উদাহরণ দিতে বলুন।

একটি খাবার ভর্তি বাটির ছবি আঁকুন। শিশুরা তাদের আঁকা ছবিগুলি পরবর্তী উপাসনার সময়ে বড়দের দেখাবে। শিশুরা ব্যাখ্যা করে বলবে এটা বোঝায় কিভাবে আমরা একে অপরকে প্রেমের দ্বারা সেবা করার মাধ্যমে ঈশ্বরের সেবা করতে পারি।

১ যোহন ৪ঃ১৯-২০ পদ মুখস্থ করুন।

কবিতাঃ তিনজন ছেলেমেয়ে ১ করিস্থীয় ১৩ঃ১, ৪-৫ এবং ৬-৮ পদগুলি মুখস্থ করে বলবে।

যদি আমি মানুষদের এবং দূতগণেরও ভাষা বলি, কিন্তু আমার প্রেম না থাকে, তবে আমি শব্দকারক পিতল ও বাম্বাম্কারী করতাল হইয়া পড়িয়াছি।

প্রেম চিরসহিষ্ণু, প্রেম মধুর, ঈর্ষ্যা করে না, প্রেম আত্মশ্লাঘা করে না, গর্ব করে না, অশিষ্টাচরণ করে না, স্বার্থচেষ্টা করে না, রাগিয়া উঠে না, অপকার গণনা করে না।

অধার্মিকতায় আনন্দ করে না, কিন্তু সত্যের সহিত আনন্দ করে; সকলই বহন করে, সকলই বিশ্বাস করে, সকলই প্রত্যাশা করে, সকলই ধৈর্য্যপূর্ব্বক সহ্য করে, প্রেম কখনও শেষ হয় না।

অপেক্ষাকৃত বড় ছেলে মেয়েরা একটি কবিতা, গান অথবা ছোট গল্প লিখবে অথবা একটি উদাহরণ দিয়ে বলবে কিভাবে মানুষকে প্রেমে অসহায়দের সাহায্য করতে তারা দেখেছে। তারা এগুলি তাদের বাড়িতে বা সপ্তাহের মধ্যে ছোট ছোট দলে করতে পারে।

প্রার্থনাঃ “প্রভু, প্রকৃত প্রেম কি আমাদের দেখানোর জন্য তোমাকে ধন্যবাদ দিই। যেমন তুমি আমাদের ভালবাস সেই ভাবে আমাদেরকে সাহায্য কর যেন আমরা একইভাবে একে অপরকে ভালবাসতে পারি। যাদের সাহায্যের প্রয়োজন তাদের সেবার মাধ্যমে আমরা আমাদের প্রেম তোমার কাছে প্রদর্শন করতে চাই। আমাদের মনে রাখতে সাহায্য কর যে, যখন আমরা অন্যদের সেবা করি তখন আমরা তোমার জন্য আমাদের প্রেম তোমারই কাছে তুলে ধরি।”

